দৈনিক সংবাদ

তারিখ ... 12 OCT 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৯ ...

103

# তিনটি সরকারী প্রাথমিক বিদ্যালয়

## একজন করে শিক্ষক দিয়েই চলছে

## লেখাপড়া বিঘ্নিত হচ্ছে

সিরাজগঞ্জ, ১১ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।– জেলার ৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে একজন করে শিক্ষক রয়েছে। দীর্ঘদিন থেকে বিদ্যালয়গুলোতে এ ধরনের অব্যবস্থা বিরাজ করছে। এর ফলে বিদ্যালয়গুলোতে লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। চৌহালী থানার বিনদহ সরকারী প্রাথমিক বিদ্যালয়, চরবোয়ালকান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং শাহজাদপুর থানার বাঙালা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দু' থেকে আড়াই বছর যাবৎ একজন করে শিক্ষক রয়েছে। দু'শিফটের প্রতিটি বিদ্যালয়ের জন্য পাঁচ থেকে সাতজন শিক্ষক রাখার বিধান রয়েছে। সেখানে উল্লেখিত বিদ্যালয় ৩টিতে একজন করে শিক্ষক থাকায় লেখাপড়া কার্যত বন্ধ। এই স্কুলগুলোতে শিক্ষার মান সর্বনিম্ন পর্যায়ে। বিদ্যালয়গুলোতে এ ধরনের অব্যবস্থার জন্য সংশ্লিষ্ট থানার শিক্ষা কর্মকর্তা দায়ী বলে জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের একটি সূত্র মত প্রকাশ করেছে। স্কুলগুলোতে এর আগে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ছিল। বিদ্যালয়গুলোর অন্য শিক্ষকদের সুবিধাজনক স্থানে বদলি করায় স্কুলগুলোতে এ ধরনের অব্যবস্থার সৃষ্টি হয়েছে।

### একটি বিদ্যালয়ে ১৭ জন শিক্ষক

ঘটনার এখানেই শেষ নয়। শাহজাদপুর থানার কিরণবালা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের চিত্র আবার ভিন্ন। এখানে রয়েছে প্রয়োজনের মাত্রাতিরিক্ত শিক্ষক। স্কুলে শিক্ষক রয়েছে ১৭ জন। অথচ কোন স্কুলে ৫/৭ জনের বেশি শিক্ষক রাখার বিধান নেই। জেলা শিক্ষা বিভাগ এজন্যও থানা শিক্ষা কর্মকর্তাকে দায়ী করেছে।